বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৭৭ তারিখ: ০১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৫ জুন ২০২৩ তারিখে থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং China Securities Regulatory Commission (CSRC) এর মধ্যে একটি দ্বিপাক্ষিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিএসইসি এর পক্ষে চেয়ারম্যান (সিনিয়র সচিব), IOSCO বোর্ড এর সদস্য ও IOSCO-APRC ভাইস-চেয়ার অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম ও নির্বাহী পরিচালক জনাব মোঃ মাহবুবুল আলম এবং CSRC এর পক্ষে Vice Chair Mr. Fang Xinghai, Director General Mr. Huo Ruirong ও Deputy Division Director Mr. Jingwei Chen সভায় উপস্থিত ছিলেন। সভায় পারস্পরিক সহযোগিতার বিভিন্ন দিক, বিনিয়োগ এবং পুঁজিবাজার সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়। অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রা এবং সম্ভাবনার বিভিন্ন দিক তুলে ধরেন, একইসাথে চীনের বিনিয়োগকারীদের জন্য বাংলাদেশে বিনিয়োগের সম্ভাবনার দিকগুলোর উপর আলোকপাত করেন।

উল্লেখ্য যে, অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম International Organization of Securities Commissions (IOSCO) এর বার্ষিক সভা ২০২৩ এ যোগ দিতে বর্তমানে থাইল্যান্ডের ব্যাংককে অবস্থান করছেন।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র




IOSCO
THAILAND 2023
Bilateral
Meeting
Room
IOSCO Annual Meeting
13-15 June 2023
Centara Grand & Bangkok
Convention Centre at CentralWorld